

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০৬০০.০১৭.৯৯.০০২.১৭- ১-৬৬

তারিখ : ১১ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ।
২৬ অক্টোবর, ২০১৭ খ্রিঃ।

বিষয় : উপ-নির্বাচনের পূর্বে নদী গর্ভে বিলীন হয়ে যাওয়া ওয়ার্ডসমূহের সীমানা পুনঃ নির্ধারণ, নূতন ভোট কেন্দ্র নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ জনাব পংকজ নাথ, সংসদ সদস্য, ১২২ বরিশাল-০৪, বাংলাদেশ জাতীয় সংসদ এর ডিও পত্র তারিখঃ ০৫/১০/২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলার উলানিয়া ইউনিয়নের পাশ দিয়ে প্রবাহিত প্রমত্তা মেঘনা নদীর তীরে ভাঙ্গনে ২নং বালিয়া ওয়ার্ড, ৩নং হাসানপুর ওয়ার্ড, ৬নং আশা ওয়ার্ডের অর্ধাংশ, ৯নং পূর্ব সুলতানী ওয়ার্ড নদী গর্ভে বিলীন হয়ে যায়। তৎপ্রেক্ষিতে মেহেন্দিগঞ্জ উপজেলাধীন উলানিয়া ইউনিয়ন পরিষদের উপ-নির্বাচনের পূর্বে ৩ নং ও ৯ নং ওয়ার্ডের ভোট কেন্দ্র ও ওয়ার্ড পুনঃ গঠন করার জন্য জনাব পংকজ নাথ, সংসদ সদস্য, ১২২ বরিশাল-০৪, বাংলাদেশ জাতীয় সংসদ অনুরোধ জানিয়েছেন (কপি সংযুক্ত)।

০২। উল্লেখ্য স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১১ ধারা মোতাবেক নতুন ইউনিয়ন গঠন এবং কোন ইউনিয়ন বা ওয়ার্ডকে একাধিক ইউনিয়ন বা ওয়ার্ডে বিভক্তকরণের এখতিয়ার সংশ্লিষ্ট জেলা প্রশাসকের। এছাড়া একই আইনের ধারা ১৩ (৮) অনুযায়ী সীমানা নির্ধারণের পর সরকারী গেজেট প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ক্ষমতাবান। উক্ত আইনের ধারা ১৩(৭) অনুযায়ী ইউনিয়ন পরিষদের ওয়ার্ডসমূহের সীমানা নির্ধারণ সংক্রান্ত আপীল কর্তৃপক্ষ সংশ্লিষ্ট জেলা প্রশাসক।

০৩। বর্ণিতাবস্থায়, জনাব পংকজ নাথ, সংসদ সদস্য, ১২২ বরিশাল-০৪, বাংলাদেশ জাতীয় সংসদ এর ডিও পত্রের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
বরিশাল।

অনুলিপি :

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলানগর, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
- ০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।